

দৈনিক পাঞ্জেরী

সাপ্তাহিক
আমার
The Weekly Aman
আপনার কণ্ঠ

অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদী কণ্ঠ

The Daily Panjeree

ডিএ ১৮৭৮ | বর্ষ ১০ | সংখ্যা ১১৮ | ঢাকা | ০২ আগস্ট ২০২১ | ১৮ শ্রাবণ ১৪২৮ বাংলা | ২২ জিলহজ ১৪৪২ হিজরি

অর্গনাইজি:

রংপুর অঞ্চলে বিএডিসি'র বিভিন্ন কার্যক্রম পরিদর্শন কৃষি সচিবের

সম্পাদনা:

জরুরি সামাজিক সচেতনতা

স্বাস্থ্য:

ভূমধ্যসাগর থেকে প্রায় ১০০ অভিবাসনপ্রত্যাশী উদ্ধার

বিতোদন:



কৃষি মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব কৃষিবিদ মো. মেসবাহুল ইসলাম গত ২৮ জুলাই বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)'র রংপুর অঞ্চলে বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন; এ সময় বিএডিসি (রংপুর)'র পক্ষ হতে জ্যেষ্ঠ সচিবকে সম্মাননা ট্রেস্ট প্রদান করা হয়।

পাঞ্জেরী

রংপুর অঞ্চলে বিএডিসি'র বিভিন্ন কার্যক্রম পরিদর্শন কৃষি সচিবের

নিজস্ব প্রতিনিধি ▶

কৃষি মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব কৃষিবিদ মো. মেসবাহুল ইসলাম গত ২৮ জুলাই বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)'র রংপুর অঞ্চলে বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন।

পরিদর্শনকালে মো. মেসবাহুল ইসলাম বিএডিসি'র সার, গুদাম ও প্রকল্পের নির্মাণ কাজ, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র এবং সবজি বীজ খামারের কার্যক্রম, পলি নেট হাউজে উচ্চমূল্যের ফসলের বীজ উৎপাদন কার্যক্রম পরিদর্শন করেন। এ সময় তিনি বাস্তবায়নাধীন কার্যক্রমসমূহের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। পরিদর্শন শেষে জ্যেষ্ঠ সচিব সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সাথে মতবিনিময় করেন। মতবিনিময়কালে রংপুর অঞ্চলে ভূউপরিষ্কার পানি সংরক্ষণের মাধ্যমে ক্ষুদ্রসেচ উন্নয়ন ও সেচ দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পের উন্নয়নমূলক কর্মকাণ্ডের ভিডিও ডকুমেন্টারি এবং বীজ ও সার বিভাগের কার্যক্রম

উপস্থাপন করা হয়। এ সময় মো. মেসবাহুল ইসলাম নতুন নতুন জাতের বীজের সম্প্রসারণ ও সেচ কার্যক্রম বৃদ্ধির পরামর্শ প্রদান করেন এবং চর এলাকায় সমন্বিত বৃহৎ প্রকল্প গ্রহণের পরামর্শ প্রদান করেন।

অনুষ্ঠানে বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. আমজাদ হোসেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (রংপুর অঞ্চল)'র অতিরিক্ত পরিচালক বিধু ভূষণ রায়, রংপুর অঞ্চলে ভূউপরিষ্কার পানি সংরক্ষণের মাধ্যমে ক্ষুদ্রসেচ উন্নয়ন ও সেচ দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক তত্ত্বাবধায়ক প্রকৌশলী সঞ্চয় সরকার, বিএডিসি'র সার ব্যবস্থাপনা বিভাগের যুগ্ম পরিচালক (রংপুর) মো. মোফাজ্জল হোসেন, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের যুগ্ম পরিচালক মো. সাইফুল ইসলামসহ বিএডিসি'র সকল বিভাগের সংশ্লিষ্ট উপপরিচালক, নির্বাহী প্রকৌশলী ছাড়া আরো অনেকে উপস্থিত ছিলেন।